



## Form POA-1 (ফর্ম POA-1), Power of Attorney (পাওয়ার অব অ্যাটর্নি) সম্পর্কে তথ্য

আপনি নিউ ইয়র্ক স্টেট কর বিভাগ জড়িত এমন কোনো সমস্যায় আপনার প্রতিনিধি হিসেবে কোনো ব্যক্তিকে নিযুক্ত করতে ও আপনার হয়ে কাজ করতে চাইলে আপনাকে আমাদেরকে কর্তৃত্ব মঞ্জুর করার প্রমাণ হিসেবে সঠিকভাবে পূরণ করা পাওয়ার অব অ্যাটর্নি (POA) দেওয়া আবশ্যিক।

প্রতিনিধি হিসেবে উল্লিখিত ব্যক্তি আপনাকে আবদ্ধ বা বাধ্য করতে এবং POA এর তালিকাভুক্ত করে বিষয়গুলি সংক্রান্ত যে কোনো কার্য সম্পাদন করতে পারেন, যার মধ্যে এগুলো থাকলেও কিন্তু তাতেই এগুলি সীমাবদ্ধ নয়:

- কর সংক্রান্ত গোপন তথ্য গ্রহণ করা;
- কোনো হিসাব পরীক্ষা চলাকালীন করে মূল্যায়ন বা নির্ধারণের সময় বাড়ানোর সম্মতি দেয়া;
- করের কোনো সমন্বয়ে সম্মতি দেয়া; এবং
- সুনির্দিষ্টভাবে অনুমোদিত হলে করের রিটার্নে স্বাক্ষর করা, যার মধ্যে রয়েছে ফেরতের/ক্রেডিটের আবেদন।

আমাদের এগুলির জন্য কোনো ব্যক্তির POA প্রয়োজন **নেই**:

- আপনার জন্য কোনও রিটার্ন বা রিপোর্ট প্রস্তুত করা;
- আপনার হয়ে কর বিভাগের (Tax Department) কাছে তথ্য প্রদান করা; অথবা
- আপনার বা আপনার হয়ে কাজ করার জন্য অনুমোদিত কোনো ব্যক্তির সঙ্গে উপস্থিত হওয়া।

আপনি একই বা ভিন্ন বিষয়ের জন্য একাধিক প্রতিনিধি নিয়োগ করতে পারেন। আপনি কোনো কোম্পানি বা সংস্থাকে আপনার প্রতিনিধিত্ব করার জন্য নিয়োগ করতে পারবেন না, কিন্তু তার বদলে আপনার কোনো কোম্পানি বা কারবারের মধ্যকার সুনির্দিষ্ট ব্যক্তিকে নিয়োগ করা আবশ্যিক।

কাউকে আপনার প্রতিনিধিত্বের অনুমতি দেওয়া **আপনাকে** আপনার রিটার্ন দাখিল করার ও কর প্রদানের দায় থেকে **অব্যাহতি দেয় না**। প্রক্রিয়া করায় কোনো বিলম্ব এড়াতে সাহায্য করতে আপনার POA **সঠিকভাবে সম্পূর্ণ ও স্বাক্ষরিত করা** নিশ্চিত করুন।

### কীভাবে আপনার POA দাখিল করবেন

আপনি কর বিভাগের (Tax Department) Form POA-1 (ফর্ম POA-1), Power of Attorney (পাওয়ার অব অ্যাটর্নি) ব্যবহার করতে পারেন, যা আপনার প্রয়োজনীয় যাবতীয় তথ্য সরবরাহ করা নিশ্চিত করতে সাহায্য করতে করে বিষয়গুলির জন্য সুনির্দিষ্টভাবে ডিজাইন করা হয়েছে।

- ফর্ম POA-1 ব্যবহারের দ্বারা আপনি করের বিষয়ে ও আওতাভুক্ত সময়কাল এবং প্রতিনিধিকে মঞ্জুর করা কর্তৃত্ব নির্দিষ্ট করে বলতে পারেন। আপনি করের বিষয়ে ও আওতাভুক্ত সময়কাল নির্দিষ্ট করে না বললে ফর্ম POA-1 সম্পত্তি কর ছাড়া যাবতীয় করের ও যাবতীয় সময়কালের

**Publication 3004-BEN (6/17) (পিছন দিক)**

উপর প্রযোজ্য হবে। সম্পত্তি করের বিষয়ে Form ET-14 (ফর্ম ET-14), *Estate Tax Power of Attorney* (সম্পত্তি করের পাওয়ার অব অ্যাটর্নি) ব্যবহার করুন।

- ফর্ম POA-1 আপনাকে যে কোনো বিষয়ে আপনার প্রতিনিধির কর্তৃত্বকে সীমায়িত করার সুযোগও দেয়। উদাহরণস্বরূপ, আপনি নির্দেশ করতে পারেন যে আপনার প্রতিনিধি গোপন তথ্য গ্রহণ করতে ও বিভাগের সঙ্গে কথাবার্তা বলতে পারবেন, কিন্তু আপনার হয়ে কাজ কাজ করতে পারবেন না।

ফর্ম POA-1 দ্রুত ও নিখুঁতভাবে সম্পূর্ণ করতে ও জমা দিতে কর বিভাগের (Tax Department) একটি POA ওয়েব অ্যাপ্লিকেশন রয়েছে যা আপনি ব্যবহার করতে পারেন। আরও তথ্যের জন্য আমাদের POA ওয়েবপেজ দেখুন (কেবলমাত্রই ইংরেজিতেই পাওয়া যাবে)।

কিছু বিষয়ে কোনো POA-1 দরকার নাও হতে পারে। আপনি কোনো কর পেশাদারকে অনলাইনে আপনার করের গোপন তথ্যে প্রবেশযোগ্যতা দেওয়ার অথবা একটি অনলাইন পরিষেবা অ্যাকাউন্ট মারফৎ আপনার হয়ে কিছু নির্দিষ্ট লেনদেন পরিচালনা করার সুযোগ দিতে চাইলে ফর্ম POA-1 এর বদলে E-ZRep Form TR-2000 (ফর্ম TR-2000), *Tax Information Access and Transaction Authorization Form* (করের তথ্যে প্রবেশ ও লেনদেনের অনুমতির ফর্ম) ব্যবহার করুন। Publication 3007, *Authorizing a Tax Professional to Access Tax Information and Perform Transactions* (একজন কর পেশাদারকে করের তথ্যে প্রবেশ ও লেনদেন সম্পাদন করার অনুমতি প্রদান) দেখুন।

**দ্রষ্টব্য:** প্রকাশনা হলো করদাতাদের একটি সুনির্দিষ্ট আগ্রহের বিষয়টি উদ্দেশ্যে প্রদত্ত একটি তথ্যমূলক নথি। আইন বা প্রবিধানসমূহ, বিচারের রায়, Tax Appeals Tribunal (ট্যাক্স আপীল ট্রাইব্যুনাল) এর সিদ্ধান্তের পরবর্তীতে হওয়া কোনো বদল অথবা বিভাগের নীতির বদল একটি প্রকাশনায় থাকা তথ্যের বৈধতাকে প্রভাবিত করতে পারে। প্রকাশনাগুলি নিয়মিত হালনাগাদ করা হয় এবং জারি করার তারিখে সেগুলি নিখুঁত থাকে। প্রতিটি পরিস্থিতি এই নথিতে প্রদত্ত তথ্যের আওতায় আসে না এবং এর উদ্দেশ্য আইনকে প্রতিস্থাপিত করা বা তার অর্থকে বদলে দেওয়া নয়।